গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-১ শাখা
www.rdcd.gov.bd

২০২২-২৩ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের সেপ্টেম্বর, ২০২২মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	স্বপন ভট্টাচার্য্য প্রতিমন্ত্রী
সভার তারিখ	১৯ অক্টোবর,২০২২
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সচিব মহোদয় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সবাইকে স্বাগত জানিয়ে সভা শুরু করার জন্য অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)-কে আহবান জানান।

২.০ আলোচনা:

আলোচনার শুরুতে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ গত ১৩-০৭-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভার জারীকৃত কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী আছে কি-না জানতে চান। কোন সংশোধনী না থাকায় সেটি গ্রহণপূর্বক সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২.১ অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সভাকে অবহিত করেন, ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)'তে অন্তর্ভুক্ত ১৬টি অনুমোদিত (জিওবি অর্থায়ন ১৫টি ও প্রকল্প সাহায্য ০১টি) প্রকল্পের অনুকূলে মোট ৯০৪২৬.০০ লক্ষ (জিওবি: ৮৯২৩০.০০ লক্ষ, প্রকল্প সাহায্য: ১১৯৫.০০ লক্ষ এবং নিজস্ব তহবিল ১.০০ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পসমূহের অনুকূলে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৭৬৯৯.৪৮ লক্ষ (জিওবি: ৭৪৭০.৩৭ লক্ষ , প্রকল্প সাহায্য: ২২৯.১১ লক্ষ এবং নিজস্ব তহবিল ০.০০ লক্ষ) টাকা এবং ব্যয় হয়েছে মোট ৪০৬৬.৮৭ লক্ষ (জিওবি: ৩৮৩৭.৭৬ লক্ষ এবং প্রকল্প সাহায্যঃ ২২৯.১১ লক্ষ ও নিজস্ব তহবিল ০.০০ লক্ষ)টাকা যা মোট বরাদ্দের ৪.৫০%।গত অর্থ বছরে একই সময়ে অগ্রগতির হার ছিল ৬.১৭%।

২.২ অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) আরো বলেন, বার্ড (১টি), এবং পিডিবিএফ (১টি) মিল্কভিটা (৩টি) এর প্রকল্পসমূহের অর্থ ব্যয় করতে না পারার কারণে অগ্রগতি কম। অর্থ ছাড়ের বিপরীতে সব সংস্থার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, বিআরডিবি'র অগ্রগতির হার সর্বোচ্চ অর্থাৎ ৭.৬৩%। অন্যান্য সংস্থার বাস্তবায়ন অগ্রগতির হার যথাক্রমে আরডিএ, বগুড়ার ৩.৭৫%, সমবায় অধিদপ্তর, ০.০.৬১% বার্ড, কুমিল্লা ০.০০% পিডিবিএফ, ০.০০% এবং মিল্কভিটা ০.০০%।

সচিব মহোদয় বলেন যে, প্রকল্পগুলোর বেশির ভাগ বি ক্যাটাগরি হওয়ায় আরএডিপিতে বরাদ্দের পরিমাণ সমন্বয় করা হবে। তিনি আরো বলেন, পরিকল্পনা কমিশন ও আইএমইডি'র সাথে আলোচনা মোতাবেক প্রকল্পের আর্থিক অগ্রগতির হার ঠিক করতে হবে। অতঃপর প্রকল্প ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

৩.০ প্রকল্প ভিত্তিক সভার আলোচনা ও সর্বসম্মতভাবে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৩.১. সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায় (সিভিডিপি-৩) প্রকল্প (১ম সংশোধিত):

প্রকল্পটি মোট ২৯৯৯৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে (১ম সংশোধিত)। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ২১৩০৩.০০ লক্ষ টাকা, জুন, ২০২২ পর্যন্ত সময়ে ক্রমপুঞ্জিত ব্যয় ১১০৪০.২৮ লক্ষ টাকা, যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৩৭% এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৬১%।

প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ১৪৬২০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ১৪৩১.০৬ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ২৪৫.৭৯ লক্ষ টাকা, যা বরাদ্দের ৪.৪৬% এবং বাস্তব অগ্রগতি ৪.৩৫%।

প্রকল্প পরিচালক বলেন যে, গ্রামকর্মীর সম্মানী ভাতা ছাড়ের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে। কিন্তু প্রধান হিসাব রক্ষন কর্মকর্তার দপ্তর কর্তৃক ibass++ এ সিদ্ধান্ত পাওয়া যায়নি। চলমান প্রশিক্ষণসমূহ এনএসডিএ এর মানদন্ড অনুযায়ী Assessment করতে হবে। সচিব মহোদয় আরো বলেন যে, আলোচ্য প্রকল্পটির মূলকাজ হলো প্রশিক্ষণ প্রদান। এজন্য প্রশিক্ষণের পুরো অর্থ খরচের নিমিত্ত প্রকল্পটি 'এ' ক্যাটাগরিতে আনয়নের জন্য পরিকল্পনা কমিশন/অর্থ বিভাগে যোগাযোগ করতে হবে।

প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:

ক) সমিতি গঠন: লক্ষ্যমাত্রা ১,০১৮টি'র বিপরীতে-অর্জন৭৯টি।

খ) সদস্য অন্তর্ভুক্তি: লক্ষ্যমাত্রা৩,৬৪,৫০০ জনের বিপরীতে-অর্জন৬,৯১৯জন।

গ) প্রশিক্ষণ: লক্ষ্যমাত্রা৪৮,৯৬৪ জনের বিপরীতে-অর্জন২,৫৮৪জন।

১) প্রকল্পটির মূল কাজ প্রশিক্ষণ শতভাগ সম্পন্ন করার নিমিত্ত 'এ' ক্যাটাগরিতে আনয়নের জন্য এ সংক্রান্ত একটি পত্র পউসবি/সিভিডিপি-৩য়/প্রকল্পের মূল নথি/০২/২০২২-১৬৭২; তারিখঃ ২১/০৭/২০২২খ্রি. মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্র েরণ করা হয়েছে।

২) প্রশিক্ষণ পরবর্তী Assessment কার্যক্রম চলমান রয়েছে।

৩) পরবর্তী প্রশিক্ষণ কার্যক্রমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে Zoom- এ সংযুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪) অর্থ ছাড়ের জন্য তিনটি স্বায়ত্বশাসিত সংস্থার ibas++ এর জটিলতা নিরসনে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

সিদ্ধান্ত:

১) প্রকল্পটির মূল কাজ প্রশিক্ষণ শতভাগ সম্পন্ন করার নিমিত্ত 'এ' ক্যাটাগরিতে আনয়নের জন্য পরিকল্পনা কমিশন/ অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে;

২) প্রশিক্ষণ পরবর্তী Assessment করতে হবে;

৩) প্রশিক্ষণ কার্যক্রমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে Zoom-এ সংযুক্ত করতে হবে এবং

৪) গ্রামকর্মীর অর্থ ছাড়ের জন্য ibass++ জটিলতা নিরসনে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায় (১ম সংশোধিত) (সিভিডিপি-৩) প্রকল্প।

৪.০ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):

৪.১ উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচী (উদকনিক) (২য় পর্যায়) (২য় সংশোধিত):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ১৩১৪৭.৫৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১৪ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ১.০০ লক্ষ টাকা, জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১২৫০৭.৪৯ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে মোট ১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে।সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা।

সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

ক) সমিতি/দলগঠনঃ ডিপিপির লক্ষ্যমাত্রা৬২৫টির বিপরীতেসেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন৬২২টি, ২০২২-২৩ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ২৫টির বিপরীতে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অর্জন২০টি।খ)সদস্যভুক্তিঃডিপিপির লক্ষ্যমাত্রা ১০০০০ জনের বিপরীতেসেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৯৩৩০ জন, ২০২১-২২ অর্থ বছরেলক্ষ্যমাত্রা১২২০জনের বিপরীতেসেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অর্জন৮২০ জন।গ) প্রশিক্ষণ প্রদান: ডিপিপির লক্ষ্যমাত্রা ৩৮৬৪০ জনের বিপরীতেসেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৩৭৮০০ জন, ২০২১-২২ অর্থ বছরেলক্ষ্যমাত্রা৮৬০জনের বিপরীতেসেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অর্জন৮৪৬জন। ঘ) মূলধনগঠনঃসেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মূলধন গঠন১২২.০৩ লক্ষ টাকা, ২০২১-২২ অর্থ বছরেলক্ষ্যমাত্রা ২০.০০ লক্ষ টাকার বিপরীতে অর্জন১৭.৬৮ লক্ষ টাকা।ঙ) সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ আদায়১০৩৭.৪০লক্ষ টাকা, ২০২১-২২ অর্থ বছরের ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৬৪.৯৫ লক্ষ টাকার বিপরীতে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ঋণআদায়৭৪.৫৩লক্ষ টাকা। (চ) ডিসপ্লে কাম সেলস সেন্টারের ছাদ ঢালাইয়ের পাশাপাশি অন্যান্য গাঁথুনি কাজ চলমান রয়েছে। (ছ) বিআরডিবি কর্তৃক একজন উপপ্রকল্প পরিচালক সংযুক্তিতে নিয়োজিত আছে। (ঝ) যে কোন একটি তলায় আবাসিক সুবিধার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় আলোচনা হয় যে, আন্ত:অঙ্গ সমন্বয় ছাড়াই সংশোধিত প্রকল্প প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে। লিফট এর জন্য Pre-shipment Inspection (PSI) ব্যবস্থা বিআরডিবির অর্থায়নে করা যেতে পারে।

সিদ্ধান্ত:

১) ডিসপ্লে-কাম সেলস সেন্টারের ছাদ ঢালাইয়ের পাশাপাশি অন্যান্য গাঁথুনি কাজ চালিয়ে যেতে হবে;

২) আন্ত:অঙ্গ সমন্বয় ছাড়াই সংশোধিত প্রকল্প প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে এবং

৩) লিফট এর জন্য Pre-shipment Inspection (PSI) ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.২ অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ২৩৬৩৩.৪৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ জুলাই, ২০১৫ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ১৪৭৮৭.৫২ লক্ষ টাকা, জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৮২৮০.২৬ লক্ষ টাকা(৭৭.৩৪৯%) এবং বাস্তব ৭০%। ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে প্রকল্পের অনুকূলে মোট ৫০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ১১৪৯.২১ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১০২৮.৯২ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

ক) গ্রাম উন্নয়ন কমিটি গঠন: লক্ষ্যমাত্রা ৬৫০ টির বিপরীতেঅর্জন৩৯০টি।

(খ) গ্রাম উন্নয়ন কমিটির মিটিং: লক্ষ্যমাত্রা ৭৬২৫৮ টির বিপরীতেঅর্জন ১৯০৭৭টি।

(গ) ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটির মিটিং: লক্ষ্যমাত্রা ৭৮০০ টির বিপরীতেঅর্জন ১৬২৬টি।

(ঘ) প্রশিক্ষণ প্রদান: লক্ষ্যমাত্রা ৩০৭২৬ জনের বিপরীতেঅর্জন৫২২০জন।

(ঙ) ভিডিসি স্কীম: লক্ষ্যমাত্রা ৪৬৮৩ টির বিপরীতেঅর্জন ৯৫০টি।

২) ফ্লাট সোলিং রাস্তার গুণগত মান ঠিক রাখতে ইতোমধ্যে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩) বর্ণিত নির্দেশনা মোতাবেক নতুন ডিপিপি প্রণয়নের কার্যক্রম চলমান আছে।

সভায় প্রকল্প পরিচালক জানান, পরিকল্পনা কমিশনের পিইসি সভায় প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধি করা হয়েছে। নতুন ৪র্থ পর্যায়ে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নুতন ইউনিয়ন অন্তর্ভুক্ত করে পুরাতন ইউনিয়নে বাদ দিতে হবে। উপজেলার স্বপক্ষে ৫-৬টি ইউনিয়ন প্রকল্পভুক্ত করা দরকার। সচিব মহোদয় লক্ষ্যমাত্রা অনুযায়ী স্কীম চূড়ান্ত করে এ বছরেই সমাপ্ত করার জন্য নির্দশনা দেন। প্রকল্প পরিচালক বলেন যে, ৪র্থ পর্যায়ের জন্য প্রায় ১৫০০টি প্রাথমিকভাবে ইউনিয়নের তালিকা পাওয়া গিয়েছে। সচিব মহোদয় বলেন যে, ইউনিয়নের সংখ্যা যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে এবং স্কীমের প্রাক্কলিত ব্যয় ২,৫০,০০০-৩,০০,০০০/ টাকা করা যেতে পারে। দক্ষিণাঞ্চলের জন্য লবনাক্ত পানি বিশুদ্ধ করণের প্লান্ট নেয়ার বিষয়ে প্রকল্প পরিচালক বলেন যে, প্রাথমিকভাবে ২টি চূড়ান্ত করার পর বাকী প্লান্ট নেয়া হবে।

সিদ্ধান্ত:

১) ফ্লাট সোলিং এর মান ঠিক রাখতে হবে;

২) লক্ষ্যমাত্রা অনুযায়ী স্কীম চূড়ান্ত করে এ বছরেই সমাপ্ত করতে হবে; প্রকল্পের ৪র্থ পর্যায়ের জন্য স্কীমের

প্রাক্কলিত ব্যয় ২,৫০,০০০-৩,০০,০০০/ টাকা নির্ধারণ করতে হবে এবং

৩) ৪র্থ পর্যায়ে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে উপজেলার নুতন ইউনিয়ন অন্তর্ভুক্ত করে পুরাতন ইউনিয়নে বাদ দিতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.৩ গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্প (১ম সংশোধিত):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৫০৯৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৩ খ্রি: পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ৪৫৫৪.১৪ লক্ষ টাকা, জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪১৭২.১২ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৮২% এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৯২%। ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে মোট ৯২০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ১৮১.১৮ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৬৫.৮৫ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

ক)সমিতি গঠন (টি): লক্ষ্যমাত্রা: ৪৪টি, অর্জন ১০টি।

খ)সদস্য ভর্তি (জন) লক্ষ্যমাত্রা: ১২৩০ জন, অর্জন ২০৭ জন।

গ) সঞ্চয় জম (লক্ষ টাকা): লক্ষ্যমাত্রা ১০০.০০ লক্ষ টাকা, অর্জন ৯.১৪ লক্ষ টাকা।

ঘ) ঋণ বিতরণ: (জন) লক্ষ্যমাত্রা ৬০০০-অর্জন ৮৩৫ জন।

ঙ) ঋণ বিতরণ (আর্থিক): লক্ষ্যমাত্রা ১০০০.০০ লক্ষ টাকা অর্জন-১৩৮.২৩ লক্ষ টাকা।

চ) ঋণ আদায় : লক্ষ্যমাত্রা ৮০০.০০ অর্জন-৮৮.১৪

ছ) প্রশিক্ষণ: লক্ষ্যমাত্রা: ১৮২০ জন- অর্জন ২৮০ জন।

২। অন্যান্য বাস্তব অগ্রগতি:

ক) লক্ষ্যমাত্রা ও কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রয়েছে।

খ) সর্বোচ্চ মান বজায় রেখে দক্ষ ট্রেড প্রশিক্ষকের মাধ্যমে প্রশিক্ষণ চলমান রয়েছে।

(গ) পণ্য ভিত্তিক পল্লী গুলোর সুফলভোগীদের উৎপাদিত পণ্যের মার্কেটিং ব্যবস্থা চালু রয়েছে।

প্রকল্প পরিচালক আরো বলেন, প্রশিক্ষণ ক্লাস্টার আকারে চালু করা হয়েছে। সভাপতি বলেন যে, উৎপাদিত পণ্যের ব্রান্ডিং এর জন্য বিআরডিবি এর নামে করা দরকার। পরিকল্পনা মন্ত্রী মহোদয় এ প্রকল্পের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছেন বিধায় রংপুর বিভাগের নতুন জেলা অন্তর্ভুক্ত করে পুনরায় প্রকল্প নেয়া যেতে পারে।

সিদ্ধান্ত:

১) লক্ষ্যমাত্রা ও কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

২) মানসম্মত প্রশিক্ষণ করাতে হবে;

৩) উৎপাদিত পণ্য ব্রান্ডিং এর জন্য বিআরডিবি এর নামে করতে উদ্যোগ গ্রহণ করতে হবে এবং

৪) রংপুর বিভাগের নতুন জেলা অন্তর্ভুক্ত করে পুনরায় প্রকল্প নেয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.৪ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি শীর্ষক প্রকল্প:

সভায় জানানো হয়, প্রকল্পটি মোট ২০৬৩৫.০৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৯ খ্রিঃ হতে ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৩৮৬১.১৯ লক্ষ টাকা (৬৭.১৭%) এবং বাস্তব ৫৫%। ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে মোট ৪২৯০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ৯৬৩.৭৮ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৯৩৭.৭৭ লক্ষ টাকা যা বরাদ্দের ২২% । প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

ক) সদস্য অন্তর্ভুক্তি: লক্ষ্যমাত্রা ১৩৪০০ জন, অর্জন ১২১৬জন।

খ) প্রাথমিক মহিলা সমিতি গঠন: লক্ষ্যমাত্রা ১৭০ টি-অর্জন৩১টি।

গ) প্রশিক্ষণ প্রদান: লক্ষ্যমাত্রা ৯৬০০ জন, অর্জন৪৭৭ জন।

ঘ) ঋণ বিতরণ: লক্ষ্যমাত্রা ৯০০০.০০ লক্ষ টাকা, অর্জন৯৮৫.০৫লক্ষ টাকা।

ঙ) ঋণ বিতরণ (সদস্য) লক্ষ মাত্রা ৪২০০০ জন, অর্জন ৪৪৯৮ জন।

চ) ঋণ আদায়: লক্ষ্যমাত্রা৪৮০০.০০লক্ষ টাকা, অর্জন৬৪২.৫৫লক্ষ টাকা।

ছ) প্রদর্শনী খামার: লক্ষ্যমাত্রা-৩০৭২ টি, অর্জন১১টি।

জ) সঞ্চয় জমা: লক্ষ্যমাত্রা ১১০০.০০ লক্ষ টাকা,অর্জন৯৭.২৭লক্ষ টাকা।

ঝ) বীজ ও চারা বিতরণ: লক্ষ্যমাত্রা ৬৫০০ জন, অর্জন৯৬জন।

প্রকল্প পরিচালক বলেন যে, ঋণ তহবিলের ৩০ কোটি টাকা অনুমোদন হয়েছে। ৩০০টি ১২৫ সিসি মোটর সাইকেল প্রকল্পের অনুকূলে বিতরণ করা হয়েছে। সভাপতি মহোদয় বলেন যে, আগামীতে পেঁয়াজ, মরিচ ও মশলা জাতীয় ফসলে ঋণদানের ব্যবস্থা বেশি করতে হবে। সচিব মহোদয় নতুন প্রকল্প নেয়ার ব্যাপারে জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন যে, আগামী কর্মশালায় এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া যায়। প্রকল্প পরিচালক আরো বলেন যে, ঋণ প্রদানে উপজেলা পর্যায়ে চাহিদা অনুযায়ী ফসলের ধরণ নির্ধারণ করা হয়ে থাকে।

সিদ্ধান্ত:

১) ডিপিপি ও কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে;

২) পেঁয়াজ, মরিচ ও মশলা জাতীয় ফসলে ঋণদানের ব্যবস্থা বেশি করতে হবে এবং

৩) আগামী কর্মশালায় নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.৫ দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পঃ

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৩৪৬৫৫.০৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২১ খ্রিঃ হতে জুন, ২০২৬ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৩২৬১.১৩ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ৮০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ১৩৬৪.৬১ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ১৩৬০.৮২ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

১. মহিলা সমিতি/দল ও কিশোরি সংঘ গঠন: লক্ষ্যমাত্রা: ৩৩০টি, অর্জন ৫২টি।

২. সদস্য অন্তর্ভুক্তি (মহিলা ও কিশোরী): লক্ষ্যমাত্রা ৮২৫০ জন, অর্জন ১২৯৮ জন।

৩. সঞ্চয় (মহিলা): লক্ষ্যমাত্রা ৩০০.০০ লক্ষ টাকা, অর্জন ৩৬.৫১ লক্ষ টাকা।

৪. সঞ্চয় (কিশোরী সদস্য): লক্ষ্যমাত্রা ২৮৩.২০ লক্ষ টাকা, অর্জন ১২.৮২ লক্ষ টাকা।

৫. প্রশিক্ষণ) লক্ষ্যমাত্রা ৫৮০০ জন, অর্জন, ০০ জন।

৬. প্রশিক্ষণ (কিশোরী) লক্ষ্যমাত্রা ১১৮০০ জন, অর্জন, ১০০০ জন।

৭. ক্ষুদ্র ঋণ বিতরণ: (ক্ষুদ্র ও উদ্যোক্তা) লক্ষ্যমাত্রা ৩৯০১.০১ লক্ষ টাকা, অর্জন ১১৭১.১৯ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক বলেন, প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী নির্বাচন অনলাইনে করা হচ্ছে। কিশোরী সদস্যদের সঞ্চয় উপজেলার একাউন্টে জমা হবে। ইতোমধ্যে সাতক্ষীরা সদর উপজেলায় পাইলট আকারে কিশোরি সঞ্চয় চালু করা হয়েছে। নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের বহুতল ভবনের আর্কিটেকচারাল ডিজাইন সম্পন্ন হয়েছে এবং মাসের মধ্যেই স্ট্রাকচারাল ডিজাইন সম্পন্ন হবে। প্রকল্প পরিচালক বলেন যে, পিএসসি-তে সিদ্ধান্ত ছিল প্রকল্প সংশোধনের। সংশোধন চূড়ান্ত করা হয়েছে এবং অনুমোদিত হলে নোয়াখালী পল্লী উন্নয়ন ও প্রশিক্ষণ কেন্দ্রের ই-টেন্ডারিং সম্পন্ন করা হবে। সভাপতি মহোদয় বলেন যে, লিফট ক্রয়ের ক্ষেত্রে Specification অনুযায়ী ভালো মানের লিফট PSI সম্পন্ন করে ক্রয় করতে হবে।

সিদ্ধান্ত:

১) ডিপিপি ও কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। UDOদের কার্যপরিধি সঠিকভাবে পালন করাতে হবে;

২) ডিপিপি সংশোধন করে নোয়াখালী পল্লী উন্নয়ন ও প্রশিক্ষণ কেন্দ্রের ই-টেন্ডারিং দ্রুত সম্পন্ন করতে হবে এবং

৩) লিফট ক্রয়ের ক্ষেত্রে Specification অনুযায়ী ভালো মানের লিফট PSI সম্পন্ন করে ক্রয় করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.৬ পল্লী জীবিকায়ন প্রকল্প-৩ পর্যায়:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৯২৮৮৮.২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২১ খ্রি. হতে জুন, ২০২৬ খ্রি. মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২৭৮৭০.৯৬ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের মূল এডিপিতে মোট বরাদ্দ ২৭৬০০.০০ লক্ষ টাকা। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:
দল গঠন: ৪৫৪টি, সদস্য অন্তর্ভুক্তি: ৮১৬৫জন, সঞ্চয় জমা: ৩৯৩.৯১ লক্ষ টাকা, প্রশিক্ষণ প্রদান: ক্ষুদ্র ঋণ বিতরণ: ২৩২০.২০ লক্ষ টাকা, উদ্যোক্তা ঋণ বিতরণ: ১২১৮.২০ লক্ষ টাকা, ক্ষুদ্র ঋণ আদায়: ৪৫১.৯৮ লক্ষ টাকা, উদ্যোক্তা ঋণ আদায়: ৯৮.২০ লক্ষ টাকা, এক পণ্য এক পল্লীভিত্তিক জীবিকায়ন পল্লী গঠন: ০টি, কর্মশালা: ০ জন, **কোভিড-১৯ এর কারণে বিদেশ ফেরত কর্মহীন ব্যক্তিদের অন্তর্ভুক্তিকরণ: চলমান আছে।** শিল্প পল্লী বাস্তবায়ন ও কম্পিউটার সামগ্রী বাজার দরে ক্রয়ের জন্য ডিপিপি সংশোধন কার্যক্রম প্রক্রিয়াধীন। প্রকল্প সদর দপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে ৪টি মনিটরিং টীম গঠন করা হয়েছে এবং জেলার উপপরিচালক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প কর্মকর্তাদের সাথে জুম সভার মনিটরিং কার্যক্রম জোরদারকরণ এবং ঋণ আদায় ত্বরান্বিত করতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সভাপতি মহোদয় হস্তমজুদকারী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করেন।

সিদ্ধান্ত:

১. শিল্প পল্লী বাস্তবায়ন ও কম্পিউটার সামগ্রী বাজার দরে ক্রয়ের জন্য ডিপিপি সংশোধন করতে হবে;

২. ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে এবং

৩. হস্তমজুদকারী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৫.০ সমবায় অধিদপ্তর:

৫.১ "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ" শীর্ষক প্রকল্পঃ

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪৯৮০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০২১ খ্রিঃ হতে জুন, ২০২৩ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৩৩৬২.২০ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ১৫৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৩৭২.৩১ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৭৩.২৮ লক্ষ টাকা, যা বরাদ্দের৪.৭৫%।

সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

(১) জরিপ: লক্ষ্যমাত্রা ১২০০ জন, অর্জন ৫৫০ জন (মনিরামপুর: ২০০ জন, মেহেরপুর সদর: ৩৫০ জন) (২) প্রশিক্ষণ: বার্ষিক লক্ষ্যমাত্রা ৫০টি (১২৫০ জন), অর্জন ৫০ জন (মনিরামপুর: ০০ জন, মেহেরপুর সদর: ৫০ জন) (৩) সমবায় সমিতি গঠন: বার্ষিক লক্ষ্যমাত্রা ১২টি, অর্জন ০২টি জন (মনিরামপুর: ০০টি, মেহেরপুর সদর: ০২টি)। (৪) চেক বিতরণ: বার্ষিক লক্ষ্যমাত্রা ১২৬০ জন, অর্জন ৫০ জন জন (মনিরামপুর: ০০ জন, মেহেরপুর সদর: ৫০ জন)। (৫) বাছুর/বকনা ক্রয়: বার্ষিক লক্ষ্যমাত্রা ১২৬০ জন, (২৯৪০/২০২১-২২), (ক্রমপুঞ্জিত) ২৯৪০ জন সুবিধাভোগীর মধ্যে ২৮২৫ জন সুবিধাভোগী ৩৩৬৬ টি গরু (২৪৭২+৮৯৪) কিনেছেন (মনিরামপুর:২১৯৭ জন, মেহেরপুর সদর: ৬২৮ জন)।

প্রকল্প পরিচালক জানান যে, ২৯৪০ জন সুফলভোগীর মধ্যে ২৮২৫ জন ইতোমধ্যে গরু ক্রয় করেছেন। প্রশিক্ষণ পরিকল্পনা তৈরি করে আগামী সভায় উপস্থাপন করা হবে। বি ক্যাটাগরির প্রকল্প হওয়ায় ৭৫% জনকে ঋণ এবং ৫০% জনকে প্রশিক্ষণ দেয়া যাবে। বাকী সুফলভোগীদের অন্যান্য প্রকল্পের সমজাতীয় প্রশিক্ষণে সুযোগ দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত:

১) গরু ক্রয় নিয়মিত মনিটরিং করতে হবে;

২) প্রশিক্ষণ সঠিক সংখ্যায় মানসম্মতভাবে প্রদান করতে হবে এবং প্রশিক্ষণ সিডিউল এ বিভাগে প্রেরণ করতে হবে এবং
৩) বাকী সুফলভোগীদের অন্যান্য প্রকল্পের সমজাতীয় প্রশিক্ষণে সুযোগ দেয়া যেতে পারে।

বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৫.২ 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প' শীর্ষক প্রকল্পঃ
সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪৯৯৩.১০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২১ খ্রি. হতে জুন ২০২৪ খ্রি. মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৪৫৭.৬২ লক্ষ টাকা (৯.১৬%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে 'বরাদ্দ ৩৪৮৪.০০ লক্ষ টাকা (রাজস্ব ১৯৫২.০০ ও মূলধন ১৫৩২.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে ৮০৫.৫৮ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৪৭৯.৪০ লক্ষ টাকা যা, বরাদ্দের ৯.৬০%। সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

(১) রেট সিডিউল-২০২২ জারী হওয়ায় প্রাক্কলন নির্ধারন করে ডিপিপি সংশোধনের উদ্যোগ নেয়া ইতোমধ্যে সভায় এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(২) ২০২২- ২৩ অর্থ বছরে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে এবং (৩) প্রকল্প সংশ্লিষ্ট ১০টি গ্রামে জমি পাওয়া গিয়েছে। ইতোমধ্যে ৬টি গ্রামে সমিতির নামে জমি রেজিষ্ট্রি হয়েছে। অবশিষ্ট গ্রামে জমি রেজিষ্ট্রেশন প্রক্রিয়াধীন রয়েছে। সে সমস্ত গ্রামে ভূমি অধিগ্রহণ করা হয়েছে সে সমস্ত গ্রামে ডিপিপি সংশোধন করে নতুন রেট সিডিউল অনুযায়ী নির্মাণ কাজ করা হবে। ইতোমধ্যে মুলাদী ও মণিরামপুরে Soil Test, Digital Survey ও Topographic Survey করা হয়েছে। ৬টি গ্রামে ভবন নির্মাণের পরবর্তী প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য রেট সিডিউল-২০২২ অনুযায়ী খসড়া ও অন্যান্য দলিলাদি LGEDতে প্রেরণ করা হয়েছে। (৪) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।

প্রকল্প পরিচালক জানান যে, চলতি অর্থবছরে ৮.০০ কোটি টাকা ঋণ এবং ১৬০০ জন সুফলভোগীকে প্রশিক্ষণ দেয়া যাবে। ৭টি জমির রেজিস্টেশন সম্পন্ন হয়েছে। এলজিইডি একটি ইউনিটের জন্য রেট সিডিউল তৈরি করেছে। সভাপতি মহোদয় বলেন যে, বিভিন্ন মেশিনারীজ ক্রয়ের ক্ষেত্রে কৃষি মন্ত্রণালয়ের Enlisted প্রতিষ্ঠান হতে টেন্ডারের মাধ্যমে ক্রয় করা যেতে পারে। ১০টি সাইটের জন্য ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য বিবেচনায় নিয়ে ১০টি সাইটের ব্যয় প্রাক্কলন করে ডিপিপি সংশোধনের উদ্যোগ নিতে হবে।

সিদ্ধান্ত:
১) স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের মাধ্যমে কমিউনিটি ভবন নির্মাণ কাজের বরাদ্দ হস্তান্তরের বিষয়ে দ্রুত কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে। টেন্ডার কার্যক্রম ও প্রাক্কলনে খেয়াল রাখতে হবে। নতুন রেট সিডিউল জারী হওয়ায় দ্রুত ডিপিপি সংশোধন করে নির্মাণ কাজ শুরু করতে হবে;
২) যে সমস্ত এলাকায় ভূমি অধিগ্রহণ সম্পন্ন হবে সেখানে নির্মাণ কাজ দ্রুত শুরু করতে হবে; বাকী জমি অধিগ্রহণের পর নির্মাণ কাজ শুরু করতে হবে এবং
৩) বিভিন্ন মেশিনারীজ ক্রয়ের ক্ষেত্রে কৃষি মন্ত্রণালয়ের Enlisted প্রতিষ্ঠান হতে টেন্ডারের মাধ্যমে ক্রয় করতে হবে।
বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৬.১ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কুমিল্লা:

৬.১ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী আধুনিকায়ন শীর্ষক প্রকল্প:
সভায় জানানো হয় যে, বার্ডের আধুনিকায়ন প্রকল্পটি মোট ৪৮৫৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৯ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৯৬৯.২৮ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরে মোট ১৬৩২.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত মোট অর্থ অবমুক্ত হয়েছে ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা।
প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

(১) **বার্ডের ভিতরে সার্কুলার রোড ও এপ্রোচ সংস্কার ওয়াকওয়ে নির্মাণ:** বিটুমিনাস রাস্তা কার্পেটিং লক্ষ্যমাত্রা ৬.৫ কি.মি. অর্জন ৬.৫ কি.মি. (১০০%); এবং ওয়াকওয়ে লক্ষ্যমাত্রা ৮৬৭ বর্গমিটার অর্জন ৩৫০ বর্গমিটার (৪০%)। (২) **ডিজাইন, সুপারভিশন ও মান নিয়ন্ত্রণ এর জন্য কনসালটেন্সি ফার্ম নিয়োগ:** স্থাপত্য অধিদপ্তরে পেশকৃত ডিজাইনসমূহের মধ্যে ক্ষুদ্র কম্পোনেন্ট যেমন, লন টেনিস কোর্ট, ড্রেইন সংস্কার, আধুনিক ওয়াশরুম এবং পুকুর পাড় বাঁধাইকরণ কম্পোনেন্টের উপর কোনো পর্যবেক্ষণ দেয়নি। ইনডোর স্পোর্টর্স কমপ্লেক্স, আধুনিক রান্নাঘর ও হোস্টেল অভ্যর্থনা অফিস কম্পোনেন্টের উপর স্থাপত্য অধিদপ্তর পর্যবেক্ষণ দিয়েছে। এ আলোকে ড্রইং ডিজাইন সংশোধন করা হচ্ছে ভেটিং প্রক্রিয়াধীন রয়েছে। (৩) **ল্যান্ডস্কেপিং ও মাস্টারপ্ল্যান প্রণয়ন বিষয়ক কনসালটেন্সি ফার্ম কার্যক্রম: মন্ত্রণালয়ের** ড্রাফট্ মাস্টার প্ল্যান উপস্থাপন। ড্রাফট মাস্টার প্ল্যান প্রক্রিয়াধীন আছে। (৪) **অফিস ভবন এবং আবাসিক বিল্ডিং আধুনিকায়ন/সংস্কার ও নির্মাণ:** অফিস ভবন এবং আবাসিক বিল্ডিং আধুনিকায়ন/সংস্কার ও নির্মাণ কাজ চলমান রয়েছে। বাস্তব অগ্রগতি ৮০%। গত ২০ জুলাই ২০২২ আধুনিক ওয়াশরুম নির্মাণ ও ২টি পুকুর এর পাড় বাধাইকরণ (লাইটিংসহ দুইটি কম্পোনেন্টের রুনিক ইঞ্জিনিয়ার ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয় ও কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ড্রেইন সংস্কার কাজের বিষয়ে NOA প্রদান করা হয়েছে এবং চুক্তি স্বাক্ষর সংক্রান্ত কাজ প্রক্রিয়াধীন রয়েছে। (৫) **নতুন টেন্ডার আহবান:** গত ২০ আগস্ট ২০২২ তারিখে প্রকল্পভুক্ত ১টি কম্পোনেন্ট যথা: লন টেনিস কোর্ট নির্মাণ বিষয়ে পুন: টেন্ডার প্রদান করা হয়েছে। (৬) **প্রকল্পের বাজেট সংক্রান্ত:** ২০২২-২০২৩ অর্থ বছরে প্রকল্পের বাজেট ১৬,৩২,০০,০০০ (ষোল কোটি বত্রিশ লক্ষ) টাকা। গত ৫/০৯/২০২২ খ্রি. তারিখ প্রকল্পের ১ম কিস্তি বাবদ ৪,০৮,০০,০০০.০০ (চার কোটি আট লক্ষ) টাকার বাজেটের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

প্রকল্প পরিচালক বলেন যে, ইনডোর স্পোর্টস এর ক্ষেত্রে ডিজাইনের ভেটিং এখনো স্থাপত্য অধিদপ্তর হতে পাওয়া যায়নি। তিনি আরো জানান যে, মাস্টার প্লানে অবশ্যই বাংলাদেশ সমবায় একাডেমী (BCA), কুমিল্লা সুনির্দিষ্টভাবে উল্লেখসহ কাজ চলমান আছে।

সিদ্ধান্ত:

১) ডিপিপি ও কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। মহাপরিচালক মহোদয় কাজের অগ্রগতি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন;

২) মাস্টার প্ল্যানে Zooning-এ BCA থাকতে হবে এবং

৩) ইনডোর স্পোর্টস এর ভেটিং এর জন্য স্থাপত্য অধিদপ্তরে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: ১) মহাপরিচালক, বার্ড, কুমিল্লা ও ২) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৭.০ পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া:

৭.১ গ্রামীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ নির্মাণ প্রকল্প:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ২৪৭৩০.০০ লক্ষ টাকা (জিওবি: ২১৪১৯.০০ ও উপকারভোগী: ৩৩১০.৯০) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৪ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৭১৭২.০৫ লক্ষ টাকা (আর্থিক অগ্রগতি ৪৭.৩০%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে । সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক, আরডিএ, বগুড়া সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

বগুড়া এবং গোপালগঞ্জে কাজের অগ্রগতির জন্য গত ২৯/০৯/২০২২ ইং তারিখে বিএমটিএফ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। চল মান নির্মান কাজ ১০০% সমাপ্ত করার অনাগ্রহী হলে বিদি মোতাবেক চুক্তি বাতিল করা হবে মর্মে চিঠি প্রেরণ করা হয়েছে। সংশোধিত ডিপিপি অনুমোদন হলে পুনরায় টেন্ডার দিয়ে কাজ শুরু করা হবে। সংশোধিত ডিপিপিতে অবশিষ্ট ৩টি (কক্সবাজার, খুলনা ও সিলেট) সাইটের কাটাতারের সীমানা প্রাচীরের ব্যয় ধরা হয়েছে। সংশোধিত ডিপিপি অনুমোদিত হলে কাজ শুরু করা হবে।

প্রকল্প পরিচালক জানান যে, বিএমটিএফ এর কাজ থেকে জবাব সন্তোষজনক পাওয়া যায়নি। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

সিদ্ধান্ত:

১) দ্রুত ডিপিপি পুনর্গঠন করে এ বিভাগে প্রেরণ করতে হবে এবং

২) প্রকল্পের আওতায় বাকী ক্রয় করা জমির চারপাশে কাটাতারের ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নে: ১) মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং ২) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৭.২ কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ শীর্ষক প্রকল্প:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ১৬২৪০.৬১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১০২৫৯.০৯ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ৬,৩৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে ১১১৮.৮৯ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ২১.৬০ লক্ষ টাকা।

সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

এছাড়া নিম্নলিখিত কার্যক্রম গতিশীলভাবে এগিয়ে চলছে:

ক) উলিপুর- ছাদের সিলিং প্লাষ্টারিং সম্পন্ন হয়েছে ও গ্রাউন্ড ফ্লোরের আরসিসি ঢালাই সম্পন্ন হয়েছে; খ) চিলমারী- ছাদের সিলিং প্লাষ্টারিং সম্পন্ন হয়েছে ও গ্রাউন্ড ফ্লোরের আরসিসি ঢালাই কাজ সম্পন্ন হয়েছে; গ) মাদারগঞ্জ- ছাদের সিলিং প্লাষ্টারিং কাজ সম্পন্ন হয়েছে।ও গ্রাউন্ড ফ্লোরের আরসিসির ঢালাই কাজ সম্পন্ন হয়েছে; ঘ) মেলান্দহ- মূল ছাদের ঢালাই সম্পন্ন হয়েছে; ঙ) নাগেশ্বরী- বারান্দার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে; চ) রাজারহাট- বারান্দার ছাদ সম্পন্ন হয়েছে; ছ) ইসলামপুর- ছাদ ও পিলারের প্লাস্টারের কাজ শেষ পর্যায়ে রয়েছে, (জ) দেওয়ানগঞ্জ- বেজ ঢালাই ১১-১০-২০২২ তারিখে সম্পন্ন হয়েছে এবং

(ঝ) গরু প্রাপ্ত উপকারভোগীদের জন্য উপজেলায় ২ দিনের প্রশিক্ষণ অক্টোবর মাসেই শুরু হবে। আরডিএ ক্যাম্পাসে সেলাই ও হ্যান্ডিক্রাফটস, কৃষি পন্য প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ এবং কৃত্রিম প্রজনন এর উপর প্রশিক্ষণ অক্টোবর মাসে শুরু হবে।

প্রকল্প পরিচালক আরো বলেন, ১০-০৫-২০২২ খ্রি. তারিখে প্রকল্পের পিইসি সভায় শুধুমাত্র এপিএম ইউনিটি নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধি প্রস্তাব করা হয়েছে। বুল (ষাঁড়) উত্তর আমেরিকা থেকে আগামী মাসে সংগ্রহ করা হবে। ৮টি এপিএম ইউনিটের মধ্যে ৫টির ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। সচিব মহোদয় বলেন যে, প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধির প্রস্তাব হওয়ায় এবং মূল কাজ ভৌত কাজ হওয়ায় প্রকল্পটি এ ক্যাটাগরিতে আনয়নের জন্য পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

সিদ্ধান্ত:

১) প্রকল্পটি এ ক্যাটাগরিতে আনয়নের জন্য পরিকল্পনা কমিশন/অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;

২) নির্ধারিত লক্ষ্যমাত্রা ও কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;

৩) এপিএম ইউনিটের নির্মাণ কাজ দ্রুত সম্পাদনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪) এপিএম ইউনিটের মালামাল সংগ্রহের ক্ষেত্রে মন্ত্রণালয় এর প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং

৫) এপিএম ইউনিটের বাউন্ডারী দেয়াল নির্মাণের কাজ শুরু করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৭.৩ মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফোরসি)-২য় পর্যায়" শীর্ষক প্রকল্প:

প্রকল্পটি মোট ৫,৯৮৬.০০ (জিওবি-১,৪৭৬.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য -৪,৫১০.০০) টাকা লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২১০৬.৬০ লক্ষ টাকা (৩৫.১৯%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ১,৫৬৩.০০ লক্ষ (জিওবি: ৩৬৮.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য: ১,১৯৫.০০) টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৩১২.৮৬ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ২৭৫.৬৫ লক্ষ টাকা।

সভায় নিম্নরূপভাবে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

(১) গুণগত মান বজায় রেখে ০৫টি জেলায় (রংপুর-০১টি,কুড়িগ্রাম-০১টি,গাইবান্ধা-০২টি, লালমনিরহাট-০১টি ও জামালপুর-০১টি)

০৬টি পোর্টেবল স্টোরেজের নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে; (২) প্রকল্পের আওতায় গত ০৭/০৯/২০২২ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সন্মানিত সচিব মহোদয়ের সভাপতিত্বে জুম প্লাটফরমে ৩য় প্রকল্প ষ্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়; (৩) প্রকল্পের আওতায় গত ২৯/০৯/২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার সন্মানিত মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের সভাপতিত্বে জুম প্লাটফরমে ৫ম প্রকল্প মূল্যায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত হয়; (৪) প্রকল্পের আওতায় সেপ্টেম্বর, ২০২২ মাস পর্যন্ত ০৪ টি গ্রুপ মটিভেশন ও ০১ টি মাঠ দিবস বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে; (৫) ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দ অনুযায়ী ছাড়কৃত টাকা=২৭.৭২ লক্ষ (সাতাশ লক্ষ বাহাত্তর হাজার) মাত্র উদ্যোক্তা ঋণ হিসেবে প্রকল্পে উপকারভোগী উদ্যোক্তা সদস্যদের মাঝে বিতরণ করা হয়েছে। এছাড়াও প্রকল্পের সহযোগিতায় অংশীদারী ০৪ টি মাইক্রোফিন্যান্স (এনডিপি, এসকেএস, গাক এবং ইএসডিও) এর মাধ্যমে সেপ্টেম্বর, ২০২২ মাসে ৮৪৪ জন কৃষক উদ্যোক্তার মাঝে সর্বমোট ৩১.৫১ কোটি টাকা মৌসুমী ঋণ ও উদ্যোক্তা ঋণ হিসেবে বিতরণ করা হয়েছে এবং (৬) প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার গজারিয়া চরে ফুলছড়ি উপজেলা প্রশাসন এবং পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা এর সহযোগিতায় বিশ্ব পর্যটন দিবস-২০২২ উপলক্ষ্যে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি (বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, ফ্রি মেডিকেল ক্যাম্প, চিত্রাংকন প্রতিযোগিতা, নৌকাবাইচ, বৃক্ষ রোপন ইত্যাদি) অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত:

১. ডিপিপি ও কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী মার্কেট লিংকেজ স্থাপনের কাজ এগিয়ে নিতে হবে;

২. সংরক্ষণাগার নির্মাণে কাজের গুণগতমান শতভাগ নিশ্চিত করতে হবে;

৩) মালামাল সংগ্রহের ক্ষেত্রে মন্ত্রণালয় এর প্রতিনিধি চাইতে হবে এবং

৪) Solar Tubewell স্থাপনের পর জমিতে সেচ সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৮.০ পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ):

৮.১ আলোকিত পল্লী সড়কবাতি প্রকল্প:

ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ জানান যে, প্রকল্পটি ৫১৫৮.৭৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৯ থেকে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৫১৭.৬৭ লক্ষ টাকা (২৯.৪১৯%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ৩৬০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা।

প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:
প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় পর্যায়ে ইজিপি পদ্ধতিতে ৪৬০০টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি সরবরাহ ও স্থাপন কাজের দরপত্র আহবান করা হয়েছে যা ২৫ সেপ্টেম্বর, ২২ তারিখে উন্মুক্ত করা হয়। দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের দলিলাদী ইজিপি সিস্টেম হতে সংরক্ষণ করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটির মাধ্যমে দ্রুত মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে ক্রয় কার্যক্রম সম্পাদনকল্পে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। মন্ত্রণালয় হতে অনুমোদিত হলে সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকূলে নোটিফিকেশন অব এওয়ার্ড জারীসহ চুক্তি সম্পাদিত হবে। আশা করা যাচ্ছে প্রকল্পের নির্দিষ্ট সময় অর্থাৎ জুন, ২০২৩ সময়ের মধ্যে প্রকল্প শতভাগ বাস্তবায়ন কাজ সম্পন্ন করা সম্ভব হবে।

সিদ্ধান্ত:

১) সড়কবাতি রক্ষণাবেক্ষণের বিষয়ে আগামী ০১ মাসের মধ্যে MoU স্বাক্ষরের জন্য উপজেলা নির্বাহী অফিসার-এর সাথে
যোগাযোগ অব্যাহত রাখতে হবে;

২) পুনর্গঠিত ডিপিপি অনুযায়ী ২০২১-২২ অর্থ বছরের কার্যক্রম সম্পাদন করতে হবে এবং

৩) স্থাপিত সড়কবাতি পূর্ণরুপে চালু রাখার বিষয়ে অবশ্যই মনিটরিং করে চালু রাখার ব্যবস্থা নিতে হবে।

বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ ও প্রকল্প পরিচালক।

৯.০ বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ভিটা):

৯.১ সিরাজগঞ্জের বাঘাবাড়ি ঘাটে গুঁড়ো দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প:

ব্যবস্থাপনা পরিচালক জানান যে, প্রকল্পটি মোট ১০৫৯৩.২৩ (জিওবি ইক্যুইটি: ৭৯৪৪.৭৭, নিজস্ব তহবিল : ২৬৪৮.৪৬) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৮৪০৭.৩১ লক্ষ টাকা (জিওব: ৭৯৪৪.৭৭ লক্ষ টাকা ও নিজস্ব তহবিল: ৪৬২.৯৯ লক্ষ টাকা)।

প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ২১৮৫.৪৭ লক্ষ টাকা (জিওবি: ০.০০ লক্ষ টাকা, নিজস্ব তহবিল: ২১৮৫.৪৭ লক্ষ টাকা) বরাদ্দ রয়েছে। অর্থ বিভাগের সর্বশেষ অর্থ ছাড়/ব্যয়ের পরিকল্পনায় আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট ২২০২.৩৩ লক্ষ টাকা (জিওবি: ০.০০ লক্ষ টাকা, নিজস্ব তহবিল: ২২০২.৩৩ লক্ষ টাকা) ব্যয়ের অনুমতি দেয়া হয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে ২১৮৫.৪৭ লক্ষ টাকা এ যাবৎ ব্যয় হয়ছে ৮৪০৭.৩১ (জিওবি: ৭৯৪৪.৩২ লক্ষ টাকা, মিল্কভিটা: ৪৬২.৯৯ লক্ষ টাকা)।

প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের সেপ্টেম্বর'২০২২ পর্যন্ত লক্ষ্য মাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

১) প্রকল্পের আওতায় আমদানীকৃত মেশিনারজের Installation & Commissioning কার্যক্রম চলমান রয়েছে; ২) বয়লারের রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী, নলকা, সিরাজগঞ্জ বরাবর পুরাতন বয়লারে সংযোগ বন্ধ রেখে নতুন বয়লারের গ্যাস সংযোগ প্রদানের নিমিত্ত আবেদন করা হয়েছে। এছাড়া ও মূল কারখানার সাথে স্টীম লাইনের সংযোগ তৈরি করা হচ্ছে; ৩) Effluent Treatment Plant (ETP) স্থাপনের বিষয়ে জলবায়ু ট্রাস্টের ফান্ড প্রাপ্তির বিষয়ে ডিপিপি তৈরির কার্যক্রম চলমান রয়েছে; ৪) পরিকল্পনা কমিশনের প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।

প্রকল্প পরিচালক বলেন যে, আগামী ডিসেম্বরের মধ্যে পূর্ণ রূপে চালু করা যাবে। সভাপতি বলেন যে, ডিসেম্বরের মধ্যে চালু করতে হবে।

সিদ্ধান্ত:

১. মেশিনারীসমূহের ট্রায়ালরান সঠিকভাবে সম্পন্ন করতে হবে;

২. গ্যাস সংযোগের বিষয়ে দ্রুত কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩. মিল্ক ভিটার প্রকৌশলী ও টেকনিশিয়ানদের প্রশিক্ষণ কার্যক্রমে ভারতীয় টিমকে অন্তর্ভুক্ত করার বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং

৪. Effluent Treatment Plan (ETP) স্থাপনের ব্যবস্থা নিতে হবে।

বাস্তবায়নে:১) ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ভিটা ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৯.২ দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রামের পটিয়ায় দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প:

ব্যবস্থাপনা পরিচালক জানান যে, প্রকল্পটি মোট ৪৭৯৪.২২ (জিওবি ইক্যুইটি: ৩৩০৬.৫৫, নিজস্ব তহবিল: ১৪৮৭.৬৭) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০১৭ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে।প্রকল্পটির অনুকূলে জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৪২২৩.১৬ লক্ষ টাকা।

সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৩০২.৬৭ লক্ষ টাকা (জিওবি: ০.০০ এবং নিজস্ব তহবিল: ৩০২.৬৭) এবং ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা(জিওবি: ০.০০ এবং নিজস্ব তহবিল: ০.০০)।

প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত লক্ষ্য মাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

১)সকল বিল্ডিং এর (মুল বিল্ডিং,ইউটিলিটি ও রেস্ট হাউসে) ছাদ ও ফ্লোরঢালাই হয়েছে। বর্তমানে মুল ভবনের বাহিরের প্রাচীরের কাজ চলমান; ২)

প্রকল্পের অবশিষ্ট ৩৮ শতক ভূমি ক্রয় ও রেজিট্রেশনের বিষয়ে জমির মিউটেশন/মালিকানা ওয়ারীশ সংক্রান্ত জটিলতার কারণে ভূমি রেজিট্রেশনে বিলম্ব হচ্ছে। যথাযথ তৎপরতা অব্যহত রয়েছে। আশাকরা যায় আগামী কিছু দিনের মধ্যেসমস্যা নিরসনপূর্বক ভূমি রে

জিট্রেশন কাজ শেষ করা হবে; ৩) ভারত,ইতালী, স্পেন এবং ফ্রান্সহতে মেমিনারীজ আমদানী করা হয়েছে। মূল বিল্ডিংয়ের সিভিল কাজ চলমান । আশা করা হচ্ছে অতি দ্রূত সময়ের অর্থাৎ নভেম্বর মাসের মধ্যেইন্স্টলেসন এর কাজ শুরু করা হবে; ৪) প্রকল্পেরঅর্থ ছাড় বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ করা হয়েছে। আরএডিপি মাধ্যমে অর্থ ছাড় পাওয়া যাবে বলে জানা যায় । আর এ ডিপি শুরু হলে অনলাইন প্রক্রিয়ায় সকল তথ্য প্রদান কয়া হবে। এ সংক্রান্ত ডকুমেন্ট অনেকটাই প্রস্তুত করা হয়েছে; ৫) কাজ চালুর ব্যবস্থা গ্রহন করা হয়েছে। ইতোমধ্যে পাইপ লাইন টানার কাজ শেষ হয়েছে, আশা করা হচ্ছে অল্প কিছু দিনের মধ্য ে বালি ভরাটশুরু হবে; ৬) প্রকল্পের বাউন্ডারী ওয়াল তৈরির কাজ ৬৬-৭০% সম্পন্ন হয়েছে এবং মাটি ও বালি ভরাটের কাজ ৫০% শেষ হয়েছে। বাকী কাজ সম্পন্নের দ্রুত চেষ্টা চলছে; ৭) মিল্ক ইউনিয়নের অংশের অর্থ খরচ অব্যাহত আছে; ৮) প্ল্যানিং কমিশনের সাথে যোগাযোগ রয়েছে; ৯) চিলিং প্লান্টে দুধের সরবরাহ আগের মতন আছে; ১০) লাব আইটেম ক্রয়ের জন্য প্রস্তুতি চলমান; ১১) মেজানিং ফ্লোরের ঢালাইয়ের কাজ আগামী শেষ হয়েছে; এবং ১২) গভীর নলকূপ স্থাপনের প্রস্তুতি চলমান।

প্রকল্প পরিচালক বলেন যে, Construction এর কাজ ৩টি বিল্ডিংয়ের ছাদ ঢালাই হয়েছে। Internal গাথুনির কাজ চলে চলছে। মালেশিয়া, ভারত, জার্মানী, ইটালী থেকে বাদ বাকী মালামাল সংগ্রহ প্রক্রিয়াধীন আছে।

- ভূমি উন্নয়ন ও বাউন্ডারী দেয়াল নিয়ে জটিলতা কেটে যাবে এবং জুন ২০২৩ সালের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত হবে। ব্যবস্থাপনা পরিচালক (মিল্কভিটি) সভায় জানান যে, Boiler ও Generator এর চুক্তির মেয়াদ শেষ হয়েছে গেছে। অনুমোদন পাওয়ায় মেয়াদ বাড়ানো হয়েছে। মালেশিয়া, ভারত, জার্মানী, ইটালী থেকে বাদ বাকী মালামাল সংগ্রহ প্রক্রিয়াধীন আছে।

সিদ্ধান্ত:

১. প্রকল্পের আওতায় অবশিষ্ট ৩৮ শতক জমির দলিল রেজিস্ট্রেশনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে;

২. মেশিনারীজসমূহ ইন্সটলেশন ও ট্রায়ালরান দ্রুত সম্পন্ন করতে হবে;

৩. বাউন্ডারি ওয়াল, ফ্যাক্টরী বিল্ডিংসহ সকল পূর্তকাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

৪. মাটি ভরাট এবং বাউন্ডারী ওয়ালের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে;

৫. Effluent Treatment Plan (ETP) স্থাপনের ব্যবস্থা নিতে হবে এবং

৬. মালেশিয়া, ভারত, জার্মানী, ইটালী থেকে বাদ বাকী মেশিনারীজ সংগ্রহ প্রক্রিয়াধীন দ্রুত সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ভিটা ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৯.৩ বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন প্রকল্প:

ব্যবস্থাপনা পরিচালক জানান যে, প্রকল্পটি মোট ৩৫৪৪৯.৬৮ টাকা ব্যয়ে জানুয়ারি/২০১৮ হতে ডিসেম্বর/২০২১ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭৬৩২.২৫ লক্ষ টাকা (২১.৫২৯%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ১১৮২৪.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা।

প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:

১) প্রকল্পের ১ম সংশোধনীর বিষয়ে ব্যয়সহ মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে গত ০৫/০৯/২০২২ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনার প্রেক্ষিতে "দুগ্ধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক পরিকল্পনা প্রণয়ন শীর্ষক মিল্কভিটা'র প্রতিবেদন" প্রস্তুত করে পল্লী উন্নয়ন সমবায় বিভাগে প্রেরণের প্রক্রিয়াকরণ করা হয়েছে।

প্রকল্প পরিচালক জানান যে, প্রাণীসম্পদ অধিদপ্তরের সাথে যোগাযোগপূর্বক একনেক এর নির্দেশনা মোতাবেক রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। সচিব মহোদয় বলেন যে, রিপোর্ট প্রস্তুত করে ডিপিপি সংশোধন করে পরিকল্পনা কমিশনে প্রেরণের ব্যবস্থা নিবেন। ২) ঋণ আদায়: ১৪.৮৬ কোটি টাকা (৬৬.৭৮%)।(০১/০৭/২০১৯ থেকে ৩১/০৭/২০২২ খ্রি: পর্যন্ত)।

ডিপিডি বলেন যে, প্রকল্প পাশ হলে দ্রুত প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হবে।

সিদ্ধান্ত:

১) ডিপিপি সংশোধন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে এবং

২) ঋণ আদায় ঠিকমত হচ্ছে কিনা পরবর্তী সভায় তার সুনির্দিষ্ট তথ্য দিতে হবে।

১০.০ ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্পসমূহের তথ্যাদি:

১. দুগ্ধ ঘাটতি উপজেলায় সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প (জুলাই ২০২২ হতে জুন ২০২৬):
ইতোমধ্যে আরডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
সিদ্ধান্ত: **৫) পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রেখে দ্রুত প্রকল্পের প্রশাসনিক আদেশ জারী করতে হবে।**
বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর।

২. সমবায় অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "Marketing and Value Chain Development of Agricultural Products through Co-opertatives" শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প (মার্চ, ২০২২ হতে ফেব্রুয়ারি, ২০২৩):
প্রশাসনিক আদেশ ও প্রকল্প পরিচালক নিয়োগ সম্পন্ন হয়েছে। গত ০৫/৯/২০২২ খ্রি. তারিখে এ বিভাগের থোক হতে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পটির জন্য অর্থ বরাদ্দের অনুরোধ জানিয়ে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত: পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে: প্রকল্প পরিচালক, "Marketing and Value Chain Development of Agricultural Products through Co-opertatives" শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প, সমবায় অধিদপ্তর।

৩.শেখ জহুরুল হক পল্লী উন্নয়ন একাডেমী, যশোর প্রতিষ্ঠাকরণ' শীর্ষক প্রকল্প (জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬)
প্রকল্প পরিচালক জানান যে, মৌজা ম্যাপ তৈরি হয়েছে। মৌজা ম্যাপের দাগ, খতিয়ানসহ তৈরি করা হয়েছে। খাস জমি Aequisition এ নিতে হবে। গত ২২/৯/২০২২ খ্রি. তারিখে এ বিভাগের থোক হতে প্রকল্পটির জন্য অর্থ বরাদ্দের অনুরোধ জানিয়ে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে।
সিদ্ধান্ত: পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে: প্রকল্প পরিচালক, শেখ জহুরুল হক পল্লী উন্নয়ন একাডেমী, যশোর প্রতিষ্ঠাকরণ' শীর্ষক প্রকল্প ,আরডিএ, বগুড়া।

৪. রূপকল্প: ২০৪১: দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন (ডিসেম্বর,, ২০১৮ হতে জুন,২০২২) (এসএফডিএফ):
প্রশাসনিক আদেশ ও প্রকল্প পরিচালক নিয়োগ সম্পন্ন হয়েছে। গত ২২/৯/২০২২ খ্রি. তারিখে এ বিভাগের থোক হতে প্রকল্পটির জন্য অর্থ বরাদ্দের অনুরোধ জানিয়ে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে।
সিদ্ধান্ত: পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে: প্রকল্প পরিচালক, রূপকল্প: ২০২১: দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন শীর্ষক প্রকল্প, এসএফডিএফ।
ঢাকা।

২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে অননুমোদিত নতুন প্রকল্পের তালিকা

যে সব প্রকল্পের অর্থছাড়ে অর্থবিভাগের সম্মতি নেই সেগুলো তালিকা হতে বাদ দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়

ক্র. নং	প্রকল্পের নাম	বাস্তবায়নকারী সংস্থা	মন্তব্য

১	দক্ষতা উন্নয়নের মাধ্যমে গ্রামীণ জনগণের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের সম্ভব্যতা সমীক্ষা। (মে ২০২২-নভেম্বর ২০২২)	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	-
২	উত্তরাঞ্চলের দরিদ্রদের জীবনমান উন্নয়ন প্রকল্প । (জুলাই-২০২২-জুন ২০২৫)	বিআরডিবি	-
৩	পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লী (হস্ত/কারুশিল্প) প্রতিষ্ঠা পাইলটিং ও সমীক্ষা প্রকল্প । (জুলাই-২০২২-জুন ২০২৪)		-
৪	আমার গ্রাম আমার শহর: মানবসম্পদ ও জীবিকা উন্নয়ন পাইলটিং ও সমীক্ষা প্রকল্প । (জুলাই ২০২২-জুন ২০২৪)		গত ২১-০৬-২০২২ খ্রি. তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
৫	মহিলা প্রশিক্ষণ ইনস্টিটিউট, টাঙ্গাইল এর সম্প্রসারণ সংস্কার ও আধুনিকায়ন প্রকল্প । (জুলাই ২০২২-জুন ২০২৫)		-
৬	বিআরডিটিআইর শক্তিশালী ও আধুনিকীকরণ প্রকল্প । (জুলাই ২০২২-জুন ২০২৪)		-
৭	দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম প্রায়োগিক গবেষণা প্রকল্প । (ফেব্রুয়ারি ২০২২-জুন ২০২২)		অর্থ বিভাগের সম্মতি রয়েছে।
৮	সমবায় ভিত্তিক খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদনবৃদ্ধি ও কৃষক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন । (জুলাই ২০২২-জুন ২০২৫)		অর্থ বিভাগের সম্মতি রয়েছ

৯	গ্রাম সংগঠনের মাধ্যমে প্রতিবেশ উপযোগী কৃষি প্রযুক্তির সম্প্রসারণ বিষয় প্রায়োগিক গবেষণা ।(জুলাই ২০২২-জুন ২০২৫)	বার্ড	যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সংস্থায় ডিপিপি সংশোধন প্রক্রিয়াধীন রয়েছে।
১০	গ্রামীণ মাইক্রো এন্টারপ্রাইজ উন্নয়নের মাধ্যমে জীবিকা উন্নয়ন বিষয়ক প্রায়োগিক গবেষণা ।(জুলাই ২০২২-জুন ২০২৫)		যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সংস্থায় ডিপিপি সংশোধন প্রক্রিয়াধীন রয়েছে।
১১	জেলা সমবায় কার্যালয় নওগাঁর অফিস ভবন নির্মাণ প্রকল্প । (জুলাই ২০২২-জুন ২০২৪)	সমবায় অধিদপ্তর	-
১২	বরিশাল বিভাগের দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি । (জুলাই ২০২২-জুন ২০২৫)		গত ০৬/৭/২০২২ খ্রি. তারিখে অর্থ বিভাগে জনবল নির্ধারণের সভা অনুষ্ঠিত হয়েছে।
১৩	দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র-জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্প । (জুলাই ২০২২-জুন ২০২৫)		যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
১৪	বঙ্গামাত মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন প্রকল্প । (জুলাই ২০২২-জুন ২০২৭)		গত ২৬/৭/২০২২ খ্রি. তারিখে অর্থ বিভাগে জনবল নির্ধারণের সভা অনুষ্ঠিত হয়েছে।
১৫	বৃহত্তর রংপুর-দিনাজপুর জেলায় দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গাভীর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণে দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প । (জুলাই ২০২২-জুন ২০২৫)	মিল্কভিটা	অর্থায়নের ধরণ নির্ধারণে মিল্কভিটা এবং অর্থ মন্ত্রণালয়ের মত পার্থক্য রয়েছে।

১৬	দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ-২য় পর্যায় । (জুলাই ২০২২-জুন ২০২৫)	পিডিবিএফ	PEC সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি গত ০৩-০৯-২০২২ খ্রি. তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
১৭	ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে পরিবার উন্নয়ন । (জুলাই ২০২২-জুন ২০২৫)		প্রকল্পটির প্রাক্কলিত ব্যয়ের (৭৪২৬৬.৭৪ লক্ষ টাকা) এর জিওবি অনুদান: ৫৫৬৯৯.৭৪ (৭৫%); সংস্থার নিজস্ব অর্থ অনুদান: ১৮৫৬৭.০০ লক্ষ (২৫%) হিসেবে নির্ধারণের জন্য সম্মতি চেয়ে গত ০৬-০৭-২০২২ তারিখে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগের জবাব এখনও পাওয়া যায়নি।

১. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য কুমারখালী ও খোকসা উপজেলা সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন প্রকল্প (পিডিবিএফ):

প্রকল্পটি মোট ৯৯.৮৭১৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের মূল লক্ষ্য হলো ১২৯টি সৌর বিদ্যুতায়তি সড়কবাতি স্থাপন করা।প্রকল্পটির অনুকূলে জুন ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোটি বরাদ্দ ২৪.৯৬৭৯৫ লক্ষ টাকা, জুন ২০২১ পর্যন্ত সময়ে ক্রমপুঞ্জিত ব্যয় ২৪.৬৪ লক্ষ টাকা; যা মোটি প্রাক্কলিত ব্যয়ের ২৪.৬৭% এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৫৮.৯১%। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে ৭৪.৯০৩৮৫ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে।মে, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে ৪৯.৯৩৫৯ লক্ষ টাকা এবং ব্যয় হয়ছে মোট ৪৯.২৮ লক্ষ টাকা; যা বরাদ্দের ৬৫.৭৯% এবং বাস্তব অগ্রগতি ২২.৪৮% (অর্থ বছরের)। প্রকল্পের শুরু থেকে মোট আর্থিক অগ্রগতি ৭৪.০১% এবং ক্রমপুঞ্জিত ১০৫টি সৌর সড়কবাতি স্থাপন সম্পন্ন হয়েছে যার বাস্তব অগ্রগতি ৮১.৩৯%।

প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের আগস্ট, ২০২২ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:
১) প্রকল্পের লক্ষমাত্রা অনুযায়ী জুন, ২০২২ তারিখের মধ্যে শতভাগ কাজ সম্পন্ন করা হয়েছে; (২) মেইনটেন্যান্স এবং সম্পদ হস্তান্তরের বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর সাথে যোগাযোগ করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে; (৩) **প্রকল্পটি জুন, ২০২২ মাসে সমাপ্ত হওয়ায় ও শতভাগ কাজ শেষ হওয়ায় আর কোন লক্ষ্যমাত্রা নেই।** উপসচিব (পরিকল্পনা-১) সভায় জানান যে, প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এ বিভাগের মাধ্যমে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে (বিসিসিটি) পাঠাতে হয়।

সিদ্ধান্ত:

১) অতিদ্রুত পিসিআর এ বিভাগের মাধ্যমে বিসিসিটি-তে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

২.গ্রীন হাউজ গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে মৌলভীবাজার জেলার অন্তর্গত জুড়ী ও বড়লেখা উপজেলায় কার্বন নির্গমন হ্রাস ও পরিবেশ উন্নয়ন প্রকল্প (পিডিবিএফ):
প্রকল্পটি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের অর্থায়নে মোট ৫০০.০০ লক্ষ প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর/২০২০ হতে জুন/২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে।প্রকল্পটির মূল লক্ষ্য ও উদ্দেশ্য হলো প্রকল্প এলাকায় মোট ৩৭৩টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন করা। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে মোট ৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ২৫০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ২৪৫.১৩ লক্ষ টাকা; যা বরাদ্দের ৪৯.০৩% এবং বাস্তব অগ্রগতি ৫৮.৯৮%।কর্মপরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪৯.০৭% এবং বাস্তব অগ্রগতি ৫৮.৯৮%। **উল্লেখ্য, বন্যা ও প্রাকৃতিক দুর্যোগের কারণে গত কয়েক মাস কাজ করা সম্ভব**

হয়নি। তবে, ইতোমধ্যে মালামাল প্রকল্প এলাকায় প্রেরণ করা হয়েছে এবং দ্রুত অবশিষ্ট কাজ শুরু করা হবে। আশা করা যাচ্ছে প্রকল্প সময়ের মধ্যে অবশিষ্ট কাজ সম্পন্ন করা সম্ভব হবে। প্রকল্পটি ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে ০৬ মাস অর্থাৎ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে। আশা করা যাচ্ছে প্রকল্প সমায়ের মধ্যে অবশিষ্ট কাজ সম্পন্ন করা সম্ভব হবে।

সিদ্ধান্ত:১)কর্মপরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

৩. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন জনগুরুত্বপূর্ণ স্থানে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন শীর্ষক প্রকল্প (পিডিবিএফ):

প্রকল্পটি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে মোট ২৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৯ হতে ডিসেম্বর, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির মূল লক্ষ্য ও উদ্দেশ্য হলো প্রকল্প এলাকায় মোট ২০০টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন করা।

প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে মোট ২৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২২ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০লক্ষ টাকা, যা বরাদ্দের ০% এবং বাস্তব অগ্রগতি ০%। উল্লেখ্য যে, প্রকল্পের মূল কাজ হিসেবে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন কাজ সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করে সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান করা হয়েছে এবং চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রকল্পের আওতায় মালামাল সরবরাহের লক্ষ্যে মালামাল প্রস্তুত করে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্প কার্যালয়কে অবহিত করা হয়েছে। উক্ত মালামাল দৈবচয়ন পদ্ধতিতে নির্ধারণপূর্বক বুয়েট হতে টেস্ট করে দ্রুত প্রকল্পের মূল কাজ শুরু করা হবে। জলবায়ু ট্রাস্ট ফান্ডের আওতায় যে সৌরবাতি স্থাপন করা হচ্ছে সেগুলো পরবর্তীতে রক্ষণাবেক্ষণ এর বিষয়ে বিসিসিটিতে মন্ত্রণালয়ের মাধ্যমে দ্রুত পত্র প্রদান করা হবে। প্রকল্প পরিচালক নিয়োগ আদেশ ইতোমধ্যে জারী করা হয়েছে।

সিদ্ধান্ত:

১. বুয়েট টেস্টের ফলাফল প্রাপ্তির সাথে সাথে সড়কবাতি স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

৪. গ্রীণ হাউস গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে মিঠাপুকুর উপজেলায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন শীর্ষক প্রকল্প (পিডিবিএফ):

প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে মোট ১০০.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। বর্ণিত প্রকল্পের আওতায় ৩০ ওয়াট ক্ষমতাসম্পন্ন মোট ৭৫টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপনের লক্ষ্যমাত্রা রয়েছে। জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্থ ছাড় ২৫.০০ লক্ষ টাকা, ব্যয় ২৩.৭০ লক্ষ টাকা যার আর্থিক অগ্রগতি ২৩.৭০% এবং ক্রমপুঞ্জিত ৬০টি সৌরবাতি স্থাপন সম্পন্ন হয়েছে যার বাস্তব অগ্রগতি ৮০%। প্রকল্পের অনুকূলে চলতি ২০২২-২৩ অর্থ বছরে ৭৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২২ মাসে প্রকল্পের ২য় কিস্তি বাবদ ২৫.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে। উক্ত ছাড়কৃত অর্থ হতে ২৫.০১৩৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে যার আর্থিক অগ্রগতি ২৫.০১%। প্রকল্প এলাকায় ইতোমধ্যে ৬০টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন কাজ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন কাজ চলমান রয়েছে। শুরু থেকে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৮.৭১ % এবং বাস্তব অগ্রগতি ৮০%। আশা করা যাচ্ছে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের শতভাগ সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন কাজ সম্পন্ন করা সম্ভব হবে।

সিদ্ধান্ত:

১) প্রকল্প সংশোধনের বিষয়ে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

২)অর্থ ছাড়ের বিষয়ে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফও প্রকল্প পরিচালক।

৫. গ্রীনহাউস গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর, টুঙ্গিপাড়া এবং কোটালীপাড়া এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপন প্রকল্প (পিডিবিএফ):

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের অর্থায়নে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কর্তৃক বাস্তবায়নাধীন "গ্রীন হাউস গ্যাস নি:সরন কমানোর লক্ষ্যে গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর, টুংগীপাড়া এবং কোটালীপাড়া উপজেলায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন" শীর্ষক প্রকল্পটি জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩ মেয়াদে ২০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ০.০ লক্ষ টাকা, জুন, ২০২২ পর্যন্ত সময়ে ক্রমপুঞ্জিত ব্যয় ০.০ লক্ষ টকা, যা মোট প্রাক্কলিত ব্যয়ের ০.০% এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ০.০%। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরে মোট ২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। অর্থ অবমুক্ত হয়েছে ৫০.০০ লক্ষ টাকা। মূল কাজ হিসেবে ইতঃমধ্যে ৩৮টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। তবে, আগস্ট, ২০২২ পর্যন্ত সময়ে কোন অর্থ ব্যয় হয়নি। অর্থাৎ প্রকল্পে আর্থিক অগ্রগতি ০.০% এবং বাস্তব অগ্রগতি ২৫.৩৩%। আশা করা যাচ্ছে প্রকল্প নির্দিষ্ট সময় প্রকল্পের শতভাগ কাজ সম্পন্ন করা সম্ভব হবে।

সিদ্ধান্ত:

১) কর্মপরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

২) বুয়েট টেস্টের ফলাফলের ভিত্তিতে সড়কবাতি স্থাপনের কাজ এগিয়ে নিতে হবে।

বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ ও প্রকল্প পরিচালক।

১১.০ বিবিধ:

সচিব মহোদয় বলেন, প্রকল্প গ্রহণের সময় খেয়াল রাখতে হবে যেন প্রকল্প মেয়াদকালীন সময়ে প্রকল্পের কার্যক্রম নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ কাজ শেষ হয়। আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। ২০২২-২০২৩ অর্থ বছরের তিনটি নতুন প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের চলমান ১৫টি প্রকল্পের মধ্যে ৫টি 'এ' ক্যাটাগরি ও বাকী ১০টি 'বি' ক্যাটারগরি অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হয়েছে। এজন্য ভৌত কাজ সম্পন্ন প্রকল্পগুলো 'এ' ক্যাটাগরিতে আনয়নের জন্য সংশ্লিষ্ট পরিকল্পনা কমিশনের সেক্টর/অর্থ বিভাগে যোগাযোগ করতে হবে। প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা যথাসময়ে Zoom Platform এ আয়োজন করতে হবে।

১২.০ বিবিধ সিদ্ধান্ত:

১) আরএডিপি প্রণয়নের সময় প্রকল্প কাজ বাস্তবায়নের ও কর্মপরিকল্পনা অনুযায়ী আরএডিপি নির্ধারণ করতে হবে।

২) ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াকরণের জন্য প্রেরণ করা হলে সংশ্লিষ্ট সংস্থাকে যোগাযোগ রাখতে হবে।

বাস্তবায়নে: সকল প্রকল্প পরিচালক ও দপ্তর/সংস্থা প্রধান।

৩) ভৌত কাজ সম্পন্ন প্রকল্পগুলো 'এ' ক্যাটাগরিতে আনয়নের জন্য সংশ্লিষ্ট পরিকল্পনা কমিশনের সেক্টর/অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

১৩। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বপন ভট্টাচার্য্য
প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৭.০৬.০৬১.২১-১৩১

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯

২৭ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন

৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৫) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৬) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

৭) অতিরিক্ত সচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৮) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর

৯) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

১০) অতিরিক্ত সচিব (রুটিন দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১১) প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩), সমবায় ভবন, আগাগাঁও, ঢাকা।

১২) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

১৩) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)

১৪) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৫) মহাপরিচালক , মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

১৬) ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)

১৭) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৮) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৯) উপসচিব, উন্নয়ন শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২০) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৪ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৬ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২২) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-২ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৩) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৪) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৫) সহকারী সচিব, পরিকল্পনা-৩ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৬) সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৫ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৭) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

২৮) প্রকল্প পরিচালক (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

২৯) পরিচালক, মূল্যায়ন-১, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

৩০) প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ওয়েব সাইটে সভার কার্যবিবরণী প্রকাশের অনুরোধসহ)

৩১) মূল্যায়ন কর্মকর্তা -১, মূ্ল্যায়ন-১, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূ্ল্যায়ন বিভাগ ।

৩২) উপ-প্রকল্প পরিচালক (সকল), সিভিডিপি প্রকল্প, আগারগাঁও, ঢাকা ।

৩৩) প্রকল্প পরিচালক, শেখ জহুরুল হক পল্লী উন্নয়ন একাডেমী, যশোর প্রতিষ্ঠানকরণ শীর্ষক প্রকল্প, আরডিএ, বগুড়া।

৩৪) প্রকল্প পরিচালক, “Marketing and Value Chain Development of Agricultural Products through Co-opertatives” শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্প, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩৫) প্রকল্প পরিচালক, রূপকল্প: ২০৪১: দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন প্রকল্প, এসএফডিএফ, কাওরান বাজার, ঢাকা।

ড. মোঃ গোলাম মোস্তফা
উপসচিব